# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
**Bangladesh Madrasah Education Board, Dhaka.**
www.bmeb.gov.bd


স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১,অংশ/৪২৫, তারিখঃ ০১/০৪/২০১৫ খ্রিঃ।

## ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে দাখিল ৯ম শ্রেণির (দাখিল পরীক্ষার-২০১৭) রেজিস্ট্রেশন সংক্রান্ত

# বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত মাদরাসা ও ইসলামি বিশ্ববিদ্যালয়ে অধিভূক্ত ফাযিল ও কামিল মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সকল গ্রুপের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নির্দেশক্রমে নিম্নে দেয়া হ'ল। **২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে দাখিল শ্রেণির রেজিস্ট্রেশন (অনলাইনে) e-SIF পদ্ধতিতে সম্পন্ন করা হবে।**

রেজিস্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলী;

০১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ছাড়া ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি ও জমা করার তারিখ | ১১/০৫/২০১৫ থেকে ১০/০৬/২০১৫ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফি সহ ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি ও জমা করার তারিখ | ১১/০৬/২০১৫ থেকে ২২/০৬/২০১৫ পর্যন্ত |
| গ) | পূরণকৃত **e-SIF Final Submission** এর তারিখ | ২৩/০৬/২০১৫ থেকে ২৯/০৬/২০১৫ পর্যন্ত |
| ঘ) | ০৩ নং নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত কাগজ পত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ | ০৭/০৭/২০১৫ পর্যন্ত |
| ঙ) | T.T. করার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF** পূরণ/এন্টি করা যাবে। | |

০২. e-SIF (Electronic student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী;
একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে **প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে**। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর **মাদরাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন**। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদরাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/অঞ্চলে উল্লেখিত তারিখে জমা দিতে হবে। অন্য কপি মাদরাসা প্রধান সংরক্ষণ করবেন। **e-SIF এর ফটোকপি গ্রহনযোগ্য নয়।**

০৩. মাদরাসা প্রধানগণ T.T. Slip , **টটলিস্ট (নতুন নমুনা ছক অনুযায়ী), e-SIF** কপি ও স্ব স্ব মাদরাসা প্যাডে আবেদন সহ ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদরাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে যথাসময়ে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

০৪. **বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৫২ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৪ সনে ৯ম শ্রেণিতে ভর্তির জন্য জেএসসি/ জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এক বা একাধিক বিষয়ে ফেল করলে ৯ম শ্রেণিতে ভর্তি হতে পারবে না। জেডিসি/জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে দাখিল ৯ম শ্রেনিতে রেজিস্ট্রেশন করতে পারবে।**

০৫. e-SIF (Electronic student Information Form) Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিবাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে **প্রতিষ্ঠান ( মাদরাসা থেকে মাদরাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত করা যাবে।**

০৬.শিক্ষার্থীদের বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে দাখিল নবম শ্রেণীতে কোন ছাত্র ছাত্রী ভর্তি হতে পারবেনা।

০৭. দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের জন্য তারিখ জেডিসি/জেএসসি পরীক্ষায় প্রদত্ত জন্ম তারিখ অনুযায়ী হবে।

০৮. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একটি T.T ব্যবহার করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

০৯. বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন করার সময় সীমা ২৯-০৬-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত। e-SIF Submission এর পর কোন অবস্থাতেই বিভাগ ও বিষয় পরিবর্তন করা যাবে না।

১০. বোর্ডকর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবেনা।

১১. দাখিল ৯ম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র এবং হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

১২. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপ;

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ১০০.০০ টাকা |
| খ | ক্রীড়া ফি | ৩০.০০ টাকা |
| গ | বয়স্কাউট/ গার্লস গাইড ফি | ১৫.০০ টাকা |
| ঘ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ০৫.০০ টাকা |
| ঙ | অন্ধকল্যাণ তহবিল ফি | ০৫.০০ টাকা |
| চ | রেড ক্রিসেন্ট ফি | ২০.০০ টাকা |
| ছ | বিলম্ব ফি ব্যাতিত মোট ফি | ১৭৫.০০ টাকা |
| জ | বিলম্ব রেজিস্ট্রেশন ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ঝ | বিলম্ব ফি সহ মোট ফি | ২২৫.০০ টাকা |
| ঞ | মাদরাসা প্রতি ফি | ১০০.০০ টাকা |

১৩. ছাত্র/ছাত্রীর নাম, পিতা/মাতার নামের পূর্বে বা পরে মৃত, হাজী, আলহাজ্জ, কর্ণেল, জজ, মেজর, ব্যারিষ্টার, এ্যাডভোকেট, ডঃ, ডাক্তার, মাস্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যক্ষ, সুপার, মাওলানা, মৌলভী, হাফেজ, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস, মোসাম্মৎ, এম.এ, বি.এ ইত্যাদি লেখা যাবে না। এছাড়া সংক্ষিপ্ত কিংবা ডাক নামও উল্লেখ করা যাবে না।

১৪. বাংলাদেশ স্কাউটস,ঢাকা অঞ্চলের ১৬-০৩-২০১০ তারিখের স্মারক নং- বাঃ স্কাঃ ঢাঃ অঃ/৭৬৪৮(৬)/১০ এর প্রেক্ষিতে (বিশ্ব স্কাউট সংস্থার) মেম্বারশীফ ফি মাদরাসা প্রতি ২৩০.০০ (দুইশত ত্রিশ) টাকা সংস্থার সংশ্লিষ্ট আঞ্চলিকে জমা দিতে হবে।

**১৫. যে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে প্রথমতঃ কেন্দ্রীয় মাদরাসা প্রধানের সাথে এবং পরবর্তীতে আবেদন পত্রসহ বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করে সমাধান করে নিতে হবে।**

১৬. যে সকল মাদরাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদরাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবেনা।

বিঃদ্রঃ- অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।

০১/৪/১৫

**(এ.কে.এম, ছায়েফ উল্যা)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ-৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার
বোর্ডের আওতাধীন অনুমদিত সকল মাদরাসা।

**স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১,অংশ/৪২৫,** **তারিখঃ ০১/০৪/২০১৫ খ্রিঃ।**

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ ঃ

০১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৩. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র,বক্শী বাজার, ঢাকা।
০৫. জনাব,মোঃ আমির উদ্দিন,প্রোগ্রামার,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
০৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
(নির্ধারিত সময়ের মধ্যে মাদরাসা প্রধানগন কর্তৃক প্রস্তুতকৃত টটলিস্ট,e-SIF এর প্রিন্ট আউটের (মূল) কপি T.T Slip,পাঠদানের অনুমতি/স্বীকৃতি পত্র/স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি ও মাদরাসা প্যাডের আবেদন পত্র সহ ০৩ (তিন) সেট গ্রহন পূর্বক ০১ (এক) সেট রিসিভ করে ফেরত দেবেন ও ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন এবং টটলিস্টের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে ১৫ (পনের) দিনের মধ্যে ০১ (এক) সেট বোর্ডের রেজিস্ট্রেশন শাখায় জমা দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
০৮. পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

01.4.15

**(মোঃ কামাল উদ্দিন)**
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ-৯৬৭৫৪০৩

“নমূনা ছক”

# BANGLADESH MADRASAH EDUCATION BOARD, DHAKA

## TOT LIST FOR DAKHIL REGISTRATION: 2015-2016, EXAMINATION- 2017

| | | | |
|---|---|---|---|
| ZILLA CODE : | | ZILLA NAME : | |
| UPAZILLA/THANA CODE : | | UPAZILLA/TAHANA NAME : | |
| CENTRE CODE : | | CENTRE NAME : | |
| POST OFFICE CODE : | | POST OFFICE NAME : | |
| MADRASAH CODE : | | MADRASAH NAME : | |
| EIIN NO : | | GROUP : | |

| SL | STUDENT'S NAME | FATHER'S NAME | MOTHER'S NAME | DATE OF BIRTH | Previous Passing Information JDC/JSC | | OPTIONAL SUBJECT | REG. FEE | LATE FEE | TOTAL FEE | STUDENT'S SIGNATURE |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ROLL NO/ PASSING YEAR | REG. NO/ SESSION | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| TOTAL STUDENT : | | GARND TOTAL FEE : | | TT NO : | |
| | | | | DATE : | |
| | | | | SONALI BANK BRANCH NAME: | |

| |
|---|
| বোর্ড কর্তৃক মাদরাসার স্বীকৃতি/অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখ ঃ............................................ |
| অনুমতি/স্বীকৃতির মেয়াদ ঃ ................................ |
| গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ............................................ |

প্রত্যয়ন করা যাচ্ছে যে, উল্লিখিত শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় কোড ইত্যাদি সঠিকভাবে লেখা হয়েছে।

**অফিস সহকারী**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
আঞ্চলিক কার্যালয়,................

**সহকারী পরিদর্শক**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
আঞ্চলিক কার্যালয়,................

অধ্যক্ষ/সুপারের স্বাক্ষর ও নামের সীল
তারিখ ঃ.............................